

নম্বর: ০৫.০০.০০০০.২০১.০২৫.০১০.১৯-২৭৩

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

বিষয়: বি.সি.এস. প্রশাসন একাডেমিতে অনুষ্ঠেয় ১১তম আইন ও প্রশাসন কোর্সে বর্ধিত মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বি.সি.এস. প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকায় আগামী ১৪ জুলাই ২০১৯ হতে ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) মাস মেয়াদে অনুষ্ঠেয় ১১তম আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্সে নিম্নবর্ণিত ০৬(ছয়) জন কর্মকর্তাকে নির্দেশক্রমে বর্ধিত মনোনয়ন প্রদান করা হলো:

ক্রমিক	পরিচিতি	নাম	পদবি	কর্মস্থল
১.	১৭৩৫১	জনাব নাজমুন নাহার	সহকারী কমিশনার (ভূমি)	বিরামপুর, দিনাজপুর
২.	১৭৩৬৫	জনাব কানিজ ফাতেমা লিজা	সহকারী কমিশনার (ভূমি)	শাহজাহানপুর, বগুড়া
৩.	১৭৬৫৩	জনাব পলাশ কুমার বসু	নির্বাহী ম্যাজিস্ট্রেট	বাংলাদেশ রোড এন্ড ট্রান্সপোর্ট অথরিটি
৪.	১৭৬৯৪	জনাব মাসুদ হোসেন	সহকারী কমিশনার	জেলা প্রশাসকের কার্যালয়, বি-বাড়ীয়া
৫.	১৭৭৩৭	জনাব ফারজানা রহমান	সহকারী কমিশনার (ভূমি)	কুলিয়াচর, কিশোরগঞ্জ
৬.	১৭৮৩১	জনাব সিফাত উদ্দিন	সহকারী কমিশনার (ভূমি)	কালীগঞ্জ, সাতক্ষীরা

২। আইন ও প্রশাসন কোর্সটি বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের জন্য (ভূতপূর্ব বিসিএস ইকোনমিক ক্যাডারের কর্মকর্তাসহ) একটি আবশ্যিকীয় কোর্স বিধায় এর গুরুত্ব বিবেচনায় মনোনীত কর্মকর্তাদের অংশগ্রহণ বাধ্যতামূলক। বি.সি.এস. প্রশাসন একাডেমির ওয়েব সাইট (www.bcsadminacademy.gov.bd) এর মাধ্যমে ০৯ জুলাই থেকে ১১ জুলাই ২০১৯ তারিখ সকাল ১১.০০ টার মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো। নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এ ছাড়া রেজিস্ট্রেশন না করার যথাযথ কারণ ব্যাখ্যাসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আবশ্যিক ভাবে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৩। রেজিস্ট্রেশন সম্পন্নকারী কর্মকর্তাগণকে আগামী ১৩ জুলাই ২০১৯ তারিখ অপরাহ্নে বি.সি.এস. প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকাতে যোগদান করতে হবে। উক্ত তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন সময়ের জন্য নিজ নিজ কর্মস্থল হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (stand released) বলে গণ্য হবেন। প্রশিক্ষণ শেষে সকল কর্মকর্তা নিজ নিজ কর্মস্থলে যোগদান করবেন।

৪। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বেতন ও ভাতাদি নিজ নিজ দপ্তর হতে প্রাপ্য হবেন।

৫। কোর্সটি আবাসিক।



(মোঃ ফারুক জাহান)
উপসচিব
ফোনঃ +৮৮ ০২ ৯৫৫৬৮৫২
It2@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.২০১.০২৫.০১০.১৯-২৭৩

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব..... মন্ত্রণালয়।
- ৪। সচিব..... মন্ত্রণালয়/ বিভাগ।
- ৫। রেজিস্ট্রার, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব(সিপিটি/এপিডি/প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিঙ্গাইল/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ৮। যুগ্মসচিব (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৯। জেলা প্রশাসক.....(মনোনীত কর্মকর্তাগণের কোর্সে অংশগ্রহণ নিশ্চিত করণের অনুরোধসহ)।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। সংশ্লিষ্ট কর্মকর্তা.....।
- ১৪। অফিস কপি/মাস্টার কপি।


(মোঃ ফারুক জাহান)
উপসচিব
ফোনঃ +৮৮ ০২ ৯৫৫৬৮৫২
It2@mopa.gov.bd